# ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের
# ৩৮তম সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ ঃ ২৮ মার্চ ২০২৪ খ্রিঃ

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

স্থান ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, লালদিঘী, চট্টগ্রাম

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

| আপনার শহরকে পরিচ্ছন্ন ও সবুজ রাখুন |
|---|

| শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি |
|---|

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৮তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৮ মার্চ ২০২৪ খ্রিঃ |
| স্থান | : | দুর্যোগ ব্যবস্থাপনা ভবন(লাইব্রেরি বিল্ডিং), চট্টগ্রাম |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে চট্টগ্রামের গণ্যমান্য ব্যক্তিদের মৃত্যুতে শোক প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি স্বাধীনতার মাসে মহান স্বাধীনতা যুদ্ধে আত্মউৎসর্গকারী বীর শহীদদের শ্রদ্ধাভরে স্মরণ করে উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৭তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম গত সভায় বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগওয়ারী গৃহিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ নজরুল ইসলাম-কে আহবান জানান।

সচিব এ বিষয়ে বিভিন্ন সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানগণ ও প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচালকদের প্রকল্প অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন বিশেষত সড়ক সংস্কার, জলাবদ্ধতা নিরসন, মশক নিধন বিষয়ে সার্বিক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অগ্রগতির বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে এবং অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্য সূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.৭ ওয়াসার নির্বাহী প্রকৌশলী আবদুর রউফ জানান, ওয়াসা কর্তৃপক্ষ পানি সরবরাহ ও লিকেজ মেরামতের জন্য জোন ভিত্তিক স্বার্থে টিম গঠন করা হয়েছে। গ্রীষ্মে কর্ণফুলির পানিতে লবণাক্ততা বৃদ্ধি পাওয়ায় কিছু এলাকায় পানির সংকট দেখা দিয়েছে। রমজান মাসে পানির সংকট মোকাবেলায় সর্বোচ্চ প্রচেষ্টা চালানো হচ্ছে। আশা করা যাচ্ছে অবিলম্বে পানির সংকটের সমাধান সম্ভব হবে।

১.২ গণপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী রমিজুর রহমান বলেন, জাতিসংঘ পার্ক এলাকার গণপূর্তের সংস্কার কাজের কারণে নষ্ট হয়ে যাওয়া নালাগুলো পরিষ্কারের ব্যবস্থা করা হয়েছে। হবে। হলিডে মার্কেট প্রসঙ্গে তিনি জানান, চসিকের উচ্ছেদ অভিযানে বায়েজিদ বোস্তামীতে দুটি ভূমি অবৈধ দখল থেকে মুক্ত হয়েছে। বায়েজিদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারদের জন্য হলিডে মার্কেট স্থাপনের বিষয়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন দিতে হবে। মন্ত্রণালয়ের নির্দেশনার ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।। জনস্বার্থ বিবেচনায় হলিডে মার্কেট বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা করা হবে।

১.৮. চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার কাজী হুমায়ুন রশীদ বলেন, অবৈধ হকার উচ্ছেদে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সর্বাত্মক সহায়তা করেছে এবং ভবিষ্যতেও এধারা অব্যাহত থাকবে। তবে, উচ্ছেদ অভিযান বিকালে পরিচালনা করলে আরো বেশি সুফল পাওয়া যাবে। কারণ হকাররা মূলত বিকালে সড়ক-ফুটপাত দখল করে নিচ্ছে যা নগরীতে তীব্র যানজট সৃষ্টি করছে। নির্বিঘ্নে রাস্তা পারাপারের স্বার্থে নগরীজুড়ে জেব্রা ক্রসিং গড়ে তুলতে হবে।

১.৯. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী জনাব কাজী কাদের নেওয়াজ বলেন, জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীনে বৃষ্টি শুরু হবার পূর্বে চাক্তাই খাল, মির্জা খাল, মুরাদপুর খাল, মহেশ খাল সহ গুরুত্বপূর্ণ খালগুলোর মাটি উত্তোলনের কাজ করা হচ্ছে। এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভুক্ত সড়কসমূহ পর্যায়ক্রমে জেব্রাক্রসিং ও লেইন মার্কিং করে প্রস্তুতপূর্বক হস্তান্তর করা হবে। বহদ্দারহাট বারইপাড়া খালের দুইপাশের রাস্তার সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্মিত মুইচলেইট সংলগ্ন রিং রোডের সংযোগ স্থাপনের জন্য ১একর ভূমি হস্তান্তরের বিষয়ে চসিকের সাথে এমওইউ স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। পূর্ব ষোলশহরের জলাবদ্ধতা নিরসনের এক কিলোমিটার এলাকায় কালভার্টের মাধ্যমে বারইপাড়া খালের সাথে বকেনিয়া খালের সংযোগ স্থাপনের কাজ চলমান রয়েছে।

১.১০. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী জনাব মো. আশিকুল ইসলাম বলেন, এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভুক্ত সড়কসমূহের অনেক স্থানে খানা খন্দক সৃষ্টি হয়েছে। তাই সড়কের সেসব স্থানে কার্পেটিং করে অতঃপর জেব্রাক্রসিং ও লেইন মার্কিং করে চসিককে হস্তান্তর করা সমীচীন হবে।

১.১২. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
সহযোগিতায় রায়েজীদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারদের জন্য হলিডে মার্কেট স্থাপনের জন্য অনুমতি চেয়ে
মন্ত্রণালয়ের পত্র প্রেরণ করতে হবে। অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সুপারিশ অনুযায়ী ১ জুলাই থেকে অস্থায়ী কর্মচারীদের বেতন
বাড়ানো হবে। চসিকের অস্থায়ী কর্মচারীদের স্থায়ীকরণের কার্যক্রমও অনেকটুকু এগিয়ে গেছে। রাস্তা ও ফুটপাত অবৈধ দখলদার মুক্ত
করতে অভিযান অব্যাহত থাকবে।

১.১৩. সম্মানিত সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি বলেন, সরকারের গৃহীত জনকল্যাণমুখী কর্মসূচি গ্রহণের ফলে নানা প্রতিকূলতাসত্ত্বেও বিগত বছরগুলোতে ধারাবাহিক অর্থনৈতিক
প্রবৃদ্ধি অর্জন অব্যাহত রয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার স্বীকৃতি পেয়েছে। লাখো
শহিদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতার সুফল জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে নিজ নিজ অবস্থান থেকে আরও বেশি অবদান
রেখে দেশ ও জাতিকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে হবে।

চট্টগ্রাম দেশের দ্বিতীয় শহর। চট্টগ্রামকে ঘিরে বে-টার্মিনাল,
আর্থিক সমস্যায় চট্টগ্রামের উন্নয়ন ব্যাহত হচ্ছে জানিয়ে সভাপতি বলেন, চট্টগ্রাম দেশের দ্বিতীয় শহর। এ প্রকল্পগুলোকে সফল করতে যে ধরনের অবকাঠামো চট্টগ্রামের
শিল্পপার্ক, গভীর সমুদ্র বন্দরসহ অনেকগুলো বৃহৎ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পগুলোকে সফল করতে যে ধরনের অবকাঠামো চট্টগ্রামের
দরকার তা কেবল শুধু হোল্ডিং ট্যাক্স আর ট্রেড লাইসেন্সের আয় দিয়ে তৈরি ও রক্ষণাবেক্ষণ করা সম্ভব নয়।

"আমরা বন্দরের আয়ের ১ শতাংশ চেয়েছিলাম। আইনের প্যাঁচাকলে তা হয়নি। অথচ বন্দরের ৩০ থেকে ৪০ টনের লরি চলাচল করে
শহরের রাস্তা নষ্ট করে ফেলছে। প্রতিদিন যে কন্টেইনার খালাস হচ্ছে তা থেকে আয়ের একটি অংশ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে দেয়া
উচিত। চসিকের ভবনগুলোকে ঊর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে আয়বর্ধন করতে হবে। এ বিষয়ে আমরা মন্ত্রণালয়ে যোগাযোগ করব। চসিকের
রাজস্ব বিভাগকেও আয় বহুমুখীকরণে মনোযোগ দিতে হবে। সিডিএ এলিভেটেড এক্সপ্রেসওয়ে বানাচ্ছে। সিডিএ টোল আদায় করবে কিন্তু
চসিকের হিস্যা কী হবে তা আলাপ করা উচিত ছিল। কারণ সিটি কর্পোরেশনের জায়গায় এক্সপ্রেসওয়ে বানাবেন, সিটি কর্পোরেশনের রাস্তা
দিয়ে গাড়ি উঠা-নামা করবে, আমরা সড়ক সংস্কারে ব্যয় করব অথচ আমাদের কোন হিস্যা থাকবেনা তা হবেনা।"

সভাপতি বলেন, ঢাকার মতো চট্টগ্রামেও মশা দ্রুত বাড়ছে। আগামী সপ্তাহ থেকে প্রেমাসান থেকে শুরু করে সংশ্লিষ্ট লোকবল বাড়িয়ে মশা
নিধনে প্রতিটি ওয়ার্ডে আরো ব্যাপক কার্যক্রম গ্রহণ করা হবে। ডেঙ্গু প্রকোপ প্রতিরোধে এখনই উদ্যোগ গ্রহণ করতে হবে। কাউন্সিলরদের
মাঠে থেকে এ কার্যক্রম তদারকি করতে হবে।

সভাপতি বলেন, "অনেকে মনে করে অধিক পরিমাণে মশার ঔষধ মারলেই মশা কমবে, এটা ঠিকনা। আমাদেরকে পরিবেশগত ভারসাম্যের
বিষয়টিও মাথায় রাখতে হবে। একসময়ে শহরে ব্যাঙ পাওয়া যেত যেটা মশার লার্ভা খেয়ে মশা কমাতে সহায়তা করত। বিভিন্ন ধরনের
উপকারী কীট-পতঙ্গ পাওয়া যেত যা পাওয়া যাচ্ছে না। মশার ঔষধের প্রতি মশার প্রতিরোধ ক্ষমতা তৈরি হয়েছে। এখন ঔষধ মেরেও মশা
মরা যাচ্ছেনা। মশা নিয়ন্ত্রণে আনতে হলে গবেষণা প্রয়োজন।"

জনগণকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে সভাপতি বলেন, আমাদের পরিচ্ছন্ন বিভাগ নালা-ওলো পরিষ্কার করছে। অনেক সময় দেখা
যায় নালায় ডাবের খোলা থেকে নিত্য ব্যবহার্য সব ফেলা হয়েছে যা জলাবদ্ধতা তৈরি করে মশার প্রজননক্ষেত্রে পরিণত হচ্ছে। জনগণ
বাড়িতে থাকা জমা পানি প্রতি তিনদিনে একদিন ফেলে দিলে এবং যত্রতত্র
সচেতন না হলে মশার প্রকোপ কমানো কঠিন হবে।

নগরীর কোথাও যেন জলাবদ্ধতা সৃষ্টি থেকে জনগণকে বিরত রাখতে পারলে পরিস্থিতির উত্তরণ ঘটবে। সিডিএ ৩৬টা খালে যে জলাবদ্ধতা নিরসন প্রকল্প করছে সেগুলোতে বাঁধ দিতে হয়েছে। সিডিএ বর্ষার আগে বাঁধ ও খালের মাটি অপসারণ করলে জলাবদ্ধতা ও মশার প্রকোপ কমবে।

নগরীতে আলোকায়ন প্রসঙ্গে সভাপতি বলেন, চসিকের বিদ্যুৎ উপ-বিভাগকে নির্দেশ দিয়েছিলাম রমজানে সড়কে, মসজিদে, কবরস্থানে আলোকায়ন করতে। কিন্তু, আমি খোঁজ নিয়ে দেখেছি অনেক রাস্তায়, গলিতে বাতি জ্বলেনা। "কাউন্সিলররা নিজ নিজ এলাকার বিদ্যুতের ইঞ্জিনিয়ারদের নাম্বার রাখবেন। কোন সড়কে বাতি না জ্বললে জানতে চাইবেন কেন বাতি জ্বলছেনা। কেউ রেসপন্স না করলে লিখিত অভিযোগ দিবেন। পরিচ্ছন্ন বিভাগের কর্মীরা অনেক সময় শোনা যায় এক-দুই ঘন্টা কাজ করে চলে যায়। এদের ব্যাপারেও অভিযোগ দিবেন। তদন্ত করে অভিযোগ প্রমাণিত হলে বরখাস্ত করে দিব।"

হকার উচ্ছেদ প্রসঙ্গে সভাপতি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন, পুলিশ ও র‍্যাবের সম্মিলিত প্রচেষ্টায় অবৈধ হকার উচ্ছেদ হওয়ায় মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলেছে। মানুষ খুবি খুশি। মানুষের পুঞ্জিভূত ক্ষোভ নিরসন হয়েছে। গরীব হকারদের জন্য হলিডে মার্কেটের ব্যবস্থা করব। তবে, হকারদের নিয়ে কাউকে চাঁদাবাজি করতে দেয়া হবে না। পথচারী চলাচলের পথে, অলিতে-গলিতে হকার বসিয়ে মানুষকে কষ্ট দেয়া বন্ধ করব। রেলওয়ে ও গণপূর্তের সাথে আমরা যোগাযোগ করছি। পরিত্যক্ত ভূমিতে কেবল সপ্তাহে দুদিন হলিডে মার্কেট চালু করা হবে।

চসিকের প্রকৌশল বিভাগের উদ্দেশ্যে সভাপতি বলেন, শুষ্ক মৌসুমে ফুটপাত রং করা, জেব্রাক্রসিং এবং রোডমার্কিং এর কাজ একমাসের মধ্যে শেষ করতে হবে। কিছুদিন আগে একজন বানানো একটা রাস্তা বানানোর মধ্যে রাস্তাটা কেটে ফেলেছে। সমন্বয় করলে রাষ্ট্রের সম্পত্তির এ অপচয় রোধ করা যাবে। আমাদেরকে কিছু কিছু সড়কে ব্লক দিয়ে নির্মাণ করা যায় কীনা তা ভাবতে হবে। প্রয়োজনে পাইলট প্রকল্প গ্রহণ করতে হবে।

সভাপতি ঈদের সময় নিরাপত্তা নিশ্চিতে আইন-শৃঙ্খলা বাহিনীগুলোকে ভূমিকা পালনের আহ্বান জানান।

মশক নিয়ন্ত্রণে চলমান কার্যক্রম আরো গতিশীল করার নির্দেশ দিয়ে সভাপতি বলেন, মশক নিধনের সকল কর্মকর্তাদের জোরদারভাবে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে যাতে মশকের উপদ্রব ক্রমশ হ্রাস পায়।

বিদ্যুৎ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উদ্দেশে সভাপতি বলেন, বিদ্যুতের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বলতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজার ও কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিডিএ কর্তৃক বাস্তবায়িত নগরীর জলাবদ্ধতা প্রকল্পে ধীরগতি প্রসঙ্গে সভাপতি বলেন, জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীনে চাক্তাই খাল, মির্জা খাল, মুরাদপুর খাল, মহেশ খাল সহ গুরুত্বপূর্ণ খালগুলোর মাটি চলমান শুষ্ক মৌসুমের মধ্যে পরিপূর্ণভাবে উত্তোলনের মাধ্যমে জলাবদ্ধতাপ্রবণ স্থান সমূহের জলাবদ্ধতা নিরসনে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সেবা সংস্থাগুলোকে সাথে নিয়ে চসিকের সেবার মান বাড়িয়ে চট্টগ্রামকে জলাবদ্ধতা ও যানজট মুক্ত, পরিচ্ছন্ন, তিলোত্তমা নগরী হিসেবে পরিণত করতে সকলের সহযোগিতা কামনা করছি।
উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি ০১ ঃ গত ২৯ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৭তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৯ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৭তম সাধারণ সভার কার্যবিবরণী ভারপ্রাপ্ত সচিব সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৭তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও পর্যালোচনা। | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভায় অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:১: সেবা সংস্থাসমূহের আলোচনা ও সিদ্ধান্ত

| সংস্থা/বিভাগ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম ওয়াসা | ১। ৩৭-৪১ নং উপকূলীয় ওয়ার্ডসমূহে সুপেয় পানি সরবরাহের নিমিত্তে ওয়াসাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অগ্রগতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>২। বিগত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ক) ব্যবস্থাপনা পরিচালক<br>চট্টগ্রাম ওয়াসা<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| গণপূর্ত অধিদপ্তর | ২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় বায়েজীদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারদের জন্য হলিডে মার্কেট স্থাপনের বিষয়ে গৃহীত পদক্ষেপের অগ্রগতি আগামি সাধারণ সভায় মতামত প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>গণপূর্ত অধিদপ্তর |
| বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | ১। নগরীতে ফুটপাতে অবৈধ দোকানে যাতে কোনভাবে বিদ্যুৎ সংযোগ দেয়া না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ইতোমধ্যে বিভিন্ন স্থানে প্রদত্ত অনুরূপ সংযোগসমূহ বিচ্ছিন্ন করে ফুটপাত অবৈধ দখলদারমুক্ত করতে চসিককে সহায়তা করতে হবে।<br>২। পিডিবির বৈদ্যুতিক পোলে যাতে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলের জঞ্জালে পরিণত না হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। দক্ষিণ বাকলিয়া কাঠের পুল এলাকায়, মাদারবাড়িতে হোটেল আল হুসেমীর পাশে, ফিরিঙ্গিবাজারের ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক পোল এবং ৩৭ নং ওয়ার্ডসহ অন্যান্য ওয়ার্ডে রাস্তার অভ্যন্তরে স্থিত পোলসমূহ স্থানান্তরে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। রাস্তার ও নালায় পরে থাকা বৈদ্যুতিক পোলসমূহ দ্রুত সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। বিগত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড চট্টগ্রাম।<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ | ১। চসিক সড়ক, ফুটপাতসহ যে কোন জায়গা উদ্ধার করলে সংশ্লিষ্ট থানাগুলো নিয়মিত মনিটরিং এর মাধ্যমে ফুটপাত ও সড়কগুলো উন্মুক্ত রেখে গুরুত্বপূর্ণ স্থানগুলো যানজট মুক্ত রাখতে হবে এবং সাধারণ জনগণের নির্বিঘ্ন চলাচলে ব্যবস্থা করতে হবে।<br>২। নিউমার্কেট, স্টেশন রোড এলাকায় অবৈধভাবে সড়ক দখলকারীদের উচ্ছেদে পুলিশ, সরকারি কর্মকর্তা ও চসিকের কর্মীদের উপর হামলাকারীদের দ্রুত গ্রেপ্তারপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ঈদুল ফিতর ও বাংলা নববর্ষ আনন্দঘন পরিবেশে উদযাপনে জন্য আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির মাধ্যমে জনগণের ভোগান্তি লাঘবে জোরদারভাবে পদক্ষেপ গ্রহণ করতে<br>৪। বিগত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ যা এখনো বাস্তবায়ন করা হয়নি ঐ সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন পূর্বক তার অগ্রগতি প্রতিবেদন আকারে সভায় উপস্থাপন করতে হবে। | ক) কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br>খ)অধিনায়ক র‍্যাব-৭<br>গ)নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ | ১। জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীনে চাক্তাই খাল, মির্জা খাল, মুরাদপুর খাল, মহেশ খাল সহ গুরুত্বপূর্ণ খালগুলোর মাটি চলমান শুষ্ক মৌসুমের মধ্যে পরিপূর্ণভাবে উত্তোলনের মাধ্যমে জলাবদ্ধতাপ্রবণ স্থানসমূহের জলাবদ্ধতা নিরসনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন খালে কি পরিমান মাটি উত্তোলিত হয়েছে তার তথ্য ও বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>২। এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভুক্ত সড়কসমূহের অনেক স্থানে খানা খন্দক সৃষ্টি হয়েছে। তাই সড়কের সেসব স্থানে কার্পেটিং করে অতঃপর জেব্রাক্রসিং ও লেইন মার্কিং করে চসিককে হস্তান্তর করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩। সিটি কর্পোরেশনের জায়গায় সিডিএ নির্মিত এলিভেটেড এক্সপ্রেসওয়ে থেকে টোল আদায়ে চসিকের হিস্যা কী হবে সে বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে অবহিত করতে হবে।<br>৪। বহদ্দারহাট বারইপাড়া খালের দুইপাশের রাস্তার সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্মিত স্লুইচগেইট সংলগ্ন রিং রোডের সংযোগ স্থাপনের জন্য ১একর ভূমি হস্তান্তরের বিষয়ে চসিকের সাথে এমওইউ স্বাক্ষর দ্রুত সম্পাদনের বাস্তবায়ন অগ্রগতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৪। পূর্ব ষোলশহরের জলাবদ্ধতা নিরসনে এক কিলোমিটার এলাকার কালভার্টের মাধ্যমে বারইপাড়া খালের সাথে বাকলিয়া খালের সংযোগ করে বাকলিয়া খালের পানি বারইপাড়া খালের মাধ্যমে কর্ণফুলীতে নিষ্কাশনের বিষয়ে গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ক)চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।<br>খ)প্রকল্প পরিচালক চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসন প্রকল্প সিডিএ/বাংলাদেশ সেনাবাহিনী<br>গ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

## ৩:২. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ

### ৩.২.১: প্রকৌশল বিভাগ

#### ৩:২.১:১: প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের পুরকৌশল শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। আন্দরকিল্লায় নির্মাণাধীন নগর ভবনের কাজ দ্রুততার সাথে সম্পন্নের জন্য প্রকৌশল বিভাগ কর্তৃক নিয়মিত নজরদারি করতে হবে।<br>২। চসিকের ভবনগুলোকে উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে আয়বর্ধন করতে হবে।<br>৩। এপ্রিল মাসের মধ্যে আগ্রাবাদসহ নগরের গুরুত্বপূর্ণ এলাকায় স্মার্ট পে পার্কিং প্রকল্প বাস্তবায়ন করতে হবে।<br>৪। নির্ধারিত সময়ের মধ্যে কি কারণে জেব্রা ক্রসিং ও রোড মার্কিং কাজ সম্পন্ন হয়নি সে বিষয়ে কোন গাফিলতি থাকলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। প্রতিটি ওয়ার্ডে ২৫০০ কোটি টাকার প্রকল্পের অধীনে কী পরিমাণ কাজ সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় পেশ করতে হবে। | ক)প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রকল্প পরিচালক চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (সকল) |

| | | |
|---|---|---|
| | ৬। নতুন সড়ক নির্মাণ, সড়ক সংস্কারসহ অবকাঠামো উন্নয়নের জন্য নতুন ডিপিপি তৈরি করতে হবে।<br>৭। শুষ্ক মৌসুমেই গুরুত্বপূর্ণ অবকাঠামোগত কাজে অগ্রগতি নিশ্চিত করতে হবে। রাস্তা ঢালাই ও কাজের সময় সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, সুপারভাইজারগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>৮। কাজের মান নিশ্চিত করতে ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে আলাপ করে প্রাধিকার ভিত্তিতে টেন্ডার দিতে হবে।<br>৯। উন্নয়ন কাজ চলাকালে কাজের স্বচ্ছতার বিষয়ে জবাবদিহিতা নিশ্চিতকরতে এলাকায় সাইনবোর্ডে কাজের বিবরণ থাকতে হবে এবং ১ মাসের মধ্যে ২৫০০ কোটি টাকার বাস্তবায়িত সকল প্রকল্পে নামফলক স্থাপন করতে হবে।<br>১০। কোন ঠিকাদারের বিরুদ্ধে নিম্নমানের কাজের অভিযোগ প্রমাণিত হলে তাকে জরিমানা করতে হবে; প্রয়োজনে কার্যাদেশ বাতিল করা হবে।<br>১১। পরবর্তী সাধারণ সভার পূর্বে ওয়াসার সুয়্যারেজ প্রকল্পের মাটি খননের লে আউট অনুযায়ী বাস্তবায়ন করছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করতে হবে।<br>১২। শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ এপ্রিল মাসের মধ্যে শেষ করতে হবে এবং দুর্ঘটনারোধে মিড আইল্যান্ড ও গোল চত্ত্বরসমূহে রেট্রো রিফ্লেকটিভ স্টিকার ব্যবহার করতে হবে।<br>১২। চাঁনমিয়া সওদাগর রোডের অসমান অংশ কেটে প্যাচওয়ার্ক করে জরুরি ভিত্তিতে যানবাহন চলাচলের উপযোগী করে দিতে হবে।<br>১৩। ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজের গুনগতমান বজায় রাখার জন্য নির্মাণ সামগ্রী চসিকের ল্যাবে পরীক্ষা করতে হবে।<br>১৪। প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী ও সুপারভাইজারদের সড়ক, ফুটপাত, সড়কদ্বীপসমূহের জরুরি ভিত্তিতে সংস্কারের নিমিত্তে নিয়মিত সরেজমিনে পরিদর্শন নিশ্চিত করতে হবে।<br>১৫ জনগণের নির্বিঘ্ন চলাচলে যাতে সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ গাইডওয়াল, নালার উপর স্ল্যাব, প্রতিবন্ধকসহ সকল সড়কের নির্মাণও মেরামত কাজ দ্রুত শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল-নালার উপর স্ল্যাব নির্মাণ সম্ভব নয় সে স্থানে সতর্কীকরণ/ নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করতে হবে। প্রকৌশল বিভাগ জরুরী ভিত্তিতে জোনওয়ারী এ কার্যক্রম সম্পন্ন করবেন এবং সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করবেন।<br>১৬। বাড়ইপাড়া খালখনন প্রকল্পের এলএ শাখা কর্তৃক প্রাপ্ত ভূমিতে প্রকল্পের মেয়াদের মধ্যে খনন ও গাইডওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে এবং এক্ষেত্রে কোন অবস্থাতেই নির্দিষ্ট সময়সীমা অতিক্রম করা যাবে না। খালের দৈর্ঘ্য অনুযায়ী কতটুকু ভৌত অগ্রগতি সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হবে।<br>১৬। সেবক কলোনী নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত ভবনসমূহের প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত কাজের পরিমাণ সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>১৭। বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হচ্ছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি গ্রাফচার্ট আকারে সুনির্দিষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:১.২ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। বৈদ্যুতিক সুপারভাইজার ও বাতি পরিদর্শকেরা রাতের বেলায় নিয়মিত পরিদর্শন করছে কিনা তা কাউন্সিলররা তদারকি করে দায়িত্বে কাজে কোন অবহেলা পরিলক্ষিত হলে তা অফিসকে অবহিত করতে হবে এবং কাউন্সিলরদের অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। নগরীর প্রতিটি ওয়ার্ডের ঝুঁকিপূর্ণ ও রাস্তার অভ্যন্তরে স্থিত বৈদ্যুতিক পোলসমূহের কাউন্সিলরদের সাথে সমন্বয় করে তালিকা প্রস্তুতপূর্বক সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>২। বৈদ্যুতিক পোল স্থাপনে পিডিবি থেকে সড়ক কর্তন ফি আদায়ের বিষয়ে মন্ত্রনালয়ে ডিও প্রেরণ করতে হবে।<br>৩।পবিত্র রমজান মাসে সকল মসজিদ,কবরস্থানের পোলসমূহে বাতি প্রজ্বলন নিশ্চিত করতে হবে।<br>৩। নগরীর মূলসড়কসহ প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি প্রজ্বলন নিশ্চিত করতে হবে।<br>৪। এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:১.৩ঃ প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। যান্ত্রিক শাখার যানবাহন, জ্বালানী তেল, গ্যাসের সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ কাজগুলো যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় যানবাহন ও যন্ত্রপাতি ক্রয়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী (যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২.২ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নে এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়া সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে আয়বর্ধক প্রকল্প গ্রহণের মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি করতে হবে।<br>২. ই-রেভেনিউ পদ্ধতিতে রাজস্ব আদায়ের প্রক্রিয়া শতভাগ বাস্তবায়ন করতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩. সিটি ডেভেলপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই বন্দরকে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>৪. কাস্টমস এর বিল অব এন্ট্রি থেকে নির্দিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫. অননুমোদিত স্ল্যাবসমূহ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৬. সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন কমিউনিটি সেন্টারে জেয়াফত, মেজবান, বিবাহসহ বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের ভোজন কর নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:৩ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। আবাসিক, বিদ্যুৎ কেন্দ্র, মার্কেট, কবরস্থানসহ ধর্মীয় প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং মশক নিধন কার্যক্রম চালাতে হবে।<br>২। কবরস্থান আশপাশে, মসজিদের ভিতরে চারপাশে প্রতিদিন আসরের নামাজের পূর্বে মশক নিধনের ফগিং কার্যক্রম জোরদার করতে হবে।<br>৩। নগরীর সকল নালা, নর্দমা, সড়ক, বাজার ও বিপণীকেন্দ্রগুলোতে পরিচ্ছন্ন কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়ন করতে হবে।<br>৪। বর্ষাকালে যাতে জলাবদ্ধতা সৃষ্টি না হয় সেজন্য চলমান শুষ্ক মৌসুমের মধ্যে নগরীর সকল নালা নর্দমা খালের মাটি আবর্জনা পরিপূর্ণভাবে উত্তোলন করে পানি চলাচলের সুবন্দোবস্ত করতে হবে।<br>৫। ডেঙ্গু প্রতিরোধে জনগণকে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং এডিস মশা জন্মায় এসব স্থানসমূহে আরো অধিক পরিমানে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ক) কাউন্সিলর (সকল) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:৪ সচিবালয় বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারন সভার সচিবালয় বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্গানোগ্রাম দ্রুত অনুমোদনের জন্য ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>২। বিভিন্ন বিভাগের অর্গানোগ্রামভুক্ত শূণ্য পদে বিধি অনুযায়ী নিয়োগের ব্যবস্থা গ্রহন করতে হবে। | ক) সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) আইন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:৫: শিক্ষা বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় শিক্ষা বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সিটি কর্পোরেশন পরিচালিত স্কুল, কলেজ, মাদ্রাসা, প্রশিক্ষণ কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। শিক্ষা মানোন্নয়নে শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মমুখী শিক্ষার উপর গুরুত্বারোপ করে সেঅনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিভিন্ন ট্রেড কোর্স চালুকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।।<br>৪। চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগকৃত স্থায়ী শিক্ষকদের এমপিও ভুক্তির ব্যবস্থা গ্রহন করতে হবে। | (ক) প্রধান শিক্ষা কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) শিক্ষা কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:৬: হিসাব বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় হিসাব বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। আর্থিক পরিকল্পনা প্রনয়ন ও যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে বিধান অনুযায়ী সিটি কর্পোরেশনের মাসিক, ত্রৈমাসিক আয় ব্যয়ের হিসাব নিয়মিত অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভায় প্রেরণ করতে হবে।<br>২। নাগরিক ও কমিউনিটির জন্য তথ্য প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে হিসাব নিরীক্ষা ও রক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ, সুপারিশ ও তদারকির জন্য কর্পোরেশনের সকল আয় ব্যয়ের হিসাব নিয়মিত হিসাব নিরীক্ষা ও রক্ষণ কমিটিতে উপস্থাপন করতে হবে।<br>৩। সুষ্ঠু আর্থিক পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রতিটি বিভাগে নিয়মিত অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং তা সাধারণ সভায় পেশ করতে হবে। | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৩:২:৭: স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় স্বাস্থ্য বিভাগ সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ পরিচালিত হাসপাতাল, নগর স্বাস্থ্য কেন্দ্রসমূহ নিয়মিত মনিটরিং করে সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। স্বাস্থ্য বিভাগ পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার মান বৃদ্ধিতে কার্যকর পদক্ষেপ গ্রহন করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

